

## নির্বাচনের প্রতীক সমূহ :

- ক) চেয়ারম্যান : চেয়ার, ছাতা, ও আনারস।  
খ) ভাইস-চেয়ারম্যান : গরুর গাড়ী, তলোয়ার ও বই।  
গ) সেক্রেটারী : মাছ, টেলিভিশন ও হাত পাখা।  
ঘ) ট্রেজারার : আম, গোলাপ ফুল এবং তালাচাৰি।  
ঙ) ডিরেক্টর : হরিণ, ঘড়ি, মই, মোরগ, কুড়াল, টেবিল, কলস, ব্যট ও মোমবাতি।

[বিঃদ্রঃ একই প্রতীকে একাধিক প্রার্থী কর্তৃক প্রতিদ্বন্দিত হইলে নির্বাচন কমিটি কর্তৃক বিষয়টি লটারীর মাধ্যমে নিষ্পত্তি করিতে পারিবেন। প্রয়োজনে নির্বাচন কমিটি সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়

- ১। প্রার্থীর মনোনয়ন পত্র গ্রহন বাছাই বৈধ বাতিলকৃত তালিকা প্রকাশ, প্রার্থী পদ প্রত্যাহার, চূড়ান্ত তালিকা প্রকাশ ও প্রতিদ্বন্দী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ সংক্রান্ত যাবতীয় কাজ সমিতি কার্যালয়, বিনাইদহ সদর, বিনাইদহে নির্বাচন কমিটি কর্তৃক অনুষ্ঠিত হইবে এবং ২২.০২.২০২২খ্রিঃ তারিখে সমিতির কার্যালয়ে অফিস রুমে বিশেষ সাধারণ সভায় নির্বাচন অনুষ্ঠিত হইবে।
- ২। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দিতা করার জন্য সংশ্লিষ্ট সদস্যকে সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৪ ধারা অনুযায়ী যোগ্য কিনা সে বিষয়ে কর্তৃকপক্ষের সিদ্ধান্ত সুস্পষ্ট ভাবে উল্লেখ করিতে হইবে।
- ৩। মনোনয়ন পত্র নির্ভুল ভাবে পূরণ করতঃ তফসিল মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করিতে হইবে। মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর সংশ্লিষ্ট সমিতির সভাপতি কর্তৃক যথাযথ ভাবে সত্যায়িত হইতে হইবে এবং তাহাতে সমিতির সীলমোহর থাকিতে হইবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাক যোগে প্রেরিত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৪। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট সদস্যকে ভোট প্রদানের বিষয়ে সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৮৭ ও ৮৮ (৩) বিধি মোতাবেক যোগ্য হইতে হইবে।
- ৫। একই সদস্য একাধিক পদে ব্যবস্থাপনা কমিটির পদে প্রতিদ্বন্দিতা করিতে পারিবেন না।
- ৬। অসম্পূর্ণ, ঘষামাজা করা, ফলুইড ব্যবহার করা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত সমবায় সমিতি আইন-২০০১ সমবায় সমিতি (সংশোধিত-২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল হইবে।
- ৭। নির্বাচন সমবায় সমিতি আইন-২০০১(সংশোধিত-২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর অনুসরণ করিয়া নির্বাচন পরিচালিত হইবে।
- ৮। মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখে নির্বাচনে প্রতিদ্বন্দিতাকারী বা তার মনোনীত প্রতিনিধিকে উপস্থিত রাখিতে পারিবে।
- ৯। নির্বাচন সংশ্লিষ্ট কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যাইতে পারে।